৮৬-27

দৈনিক সংবাদ

2 1 APR 1996
তারিখ ... ... ... ...
পৃষ্ঠা 7 কলাম 2 ...

# ছাত্রলীগ-শিবির সংঘর্ষ আহত ১০ঃ কারমাইকেল কলেজ বন্ধ ঘোষণা

রংপুর, ২০শে এপ্রিল (নিজস্ব সংবাদ-দাতা)।- আজ দুপুরে কারমাইকেল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ইসলামী ছাত্র শিবির ও ছাত্রলীগের (শা-পা) মধ্যে সংঘর্ষে ১০ জন আহত হয়েছে। এদের মধ্যে ৪ জনকে গুরুতর অবস্থায় রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনার পরপরই অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করে আগামীকাল রোববার সকাল ১০টার মধ্যে ছাত্রছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

জানা গেছে, গতকাল রাতে শিবির কর্মী দুলাল (২১) কলেজ ক্যাম্পাসে ফেরার পথে একদল সশস্ত্র সন্ত্রাসী তাকে মারাত্মক মারধর করে। এ ঘটনার জন্য ছাত্র শিবির ছাত্রলীগকে (শা-পা) দায়ী করে আজ দুপুরে ছাত্রলীগ (শা-পা) নেতা মামুনকে (২২) কলেজ ক্যাম্পাস থেকে ধরে নিয়ে গিয়ে জি, এল ছাত্রাবাসের একটি কক্ষে মধ্যযুগীয় কায়দায় অমানুষিক নির্যাতন চালায়। এরপর ছাত্র-শিক্ষকদের প্রচেষ্টায়

বন্ধ ঃ পৃঃ ৯ কঃ ২

## বন্ধ ঃ কারমাইকেল কলেজ

(১ম পৃষ্ঠার পর)

মামুনকে উদ্ধার করে মুমূর্ষু অবস্থায় রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

এ ঘটনার পরপরই উভয় ছাত্র সংগঠনের সশস্ত্র কর্মীদের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়। কলেজ ক্যাম্পাস ও পার্শ্ববর্তী এলাকায় এক ঘন্টা ধরে সংঘর্ষ চলাকালীন সময়ে উভয়পক্ষের আরো ৮ জন আহত হয়। এদের মধ্যে ছাত্রলীগ (শা-পা) জেলা কমিটির সভাপতি মোতাহার হোসেন মণ্ডল (২৫), শিবির কর্মী অনু (২২) ও গোলাম মণ্ডলকে (২১) গুরুতর অবস্থায় রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের তিনজনসহ মামুনের অবস্থা এ খবর লেখা পর্যন্ত আশংকাজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।

এ ঘটনার পর কলেজ ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।